মেহেরপুরে আরও ৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৮ জন করোনায় আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৬ জন, এবং গাংনীতে ২ জন।

রবিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩৯ টি। তারমধ্যে ৮ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১১৬ জন। তার মধ্যে সদরে ৩৭ জন, গাংনীতে ৪২ জন এবং মুজিবনগরে ৩৭ জন।

বেগমপুরের ডিহি কৃষ্ণপুরে নব-বধূর বিষপানে আত্মহত্যা

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বেগমপুরের ডিহি কৃষ্ণপুরে এক নববধূ বিষপানে আত্মহত্যা করছে।

রোববার সকাল সাড়ে ৭টার দিকে নিজ বাড়িতে বিষপানে আত্মহত্যা করে। লাশ ময়ন্ত তদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। এদিকে আত্মহত্যার ঘটনা রহস্যজনক বলে দাবী পরিবারের।

জানাগেছে, ঝিনাইদহ সদর উপজেলার বাজার গোপালপুরের ওয়ারিয়া গ্রামের আলমঙ্গীর হোসেনের কন্যা আফরিনা খাতুনের (১৯) সাথে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ডিহি-কৃষ্ণপুরের ডিহি পাড়ার মনসেদ আলীর ছেলে রুহুল আমিনের গত ৩ মাস পূর্বে পারিবারিক ভাবে বিবাহ হয়। বিয়ের পর থেকে তাদের মধ্যে পারিবারিক কলহ লেগেই থাকতো।

রোববার সকালের দিকে সে বিষপান করলে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নেয়।

সেখানে চিকিৎসার একপর্যায় অবস্থার অবনতি দেখা দিলে চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ এ্যান্ড হাসপাতালে রেফার করেন।

গুরুত্বর অসুস্থ অবস্থায় তাকে কুষ্টিয়ায় নেওয়ার সময় দুপুর পৌনে ১২টার দিকে পথিমধ্যে তার মৃত্যু হয়।
এরপর মৃত আফরিনা খাতুনের লাশ নেওয়া হয় ঝিনাইদহের ওয়ারিয়া গ্রামের তার পিতার বাড়িতে। সেখানে তার লাশ নেওয়া হলে পরবর্তীতে পিতার বাড়ির লোকজন মৃত আফরিনা খাতুনকে দর্শনা থানায় নিয়ে আসে।
পরে পুলিশ লাশের ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠায়। তবে তার মৃত্যু রহস্যজনক বলে পরিবারের দাবী।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইস,এম লুৎফুল কবীর বলেন, দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে। নিহতর লাশ ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

গাংনীর ভাটপাড়া ইকোপার্কের সামনে মটরসাইকেল দূর্ঘটনায় স্বামী স্ত্রী আহত

গাংনী-কাথুলি সড়কের ভাটপাড়া ইকোপার্কের সামনে মোটরসাইকেল দূর্ঘটনায় সেনা সদস্য ও তার নববিবাহীত স্ত্রী মারাত্বক আহত হয়েছেন।

আহতরা হলেন বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত চুয়াডাঙ্গা সদর উপজেলার আলোকদিয়া গ্রামের আমজাদ হোসেনের ছেলে মনোয়ার হোসেন (২৪) ও তার নববিবাহীত স্ত্রী পিংকী খাতুন (১৮)।

আহত স্বামী –স্ত্রী দুজনেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। রোববার বেলা ১১ টার দিকে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

আহত পিংকী জানান, আমরা ভাটপাড়া ডিসি ইকোপার্ক থেকে বের হয়ে

প্রধান সড়কে উঠা মাত্রই বিপরীত থেকে আসার অপর মোটরসাইকেল ব্রেক করে সামনে হঠাৎ দাড়িয়ে পড়ে। এসময় আমার স্বামী মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যায়। এদিকে স্থানীয়রা জানান, বেপরোয়া গতিতে মোটরসাইকেল চালাচ্ছিলেন ওই সেনা সদস্য।

জানা গেছে, মাত্র ৫ দিন আগে গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের জিব্রেল হোসেনের মেয়ে পিংকীর সাথে বিয়ে করেন ওই সেনা সদস্য। আগামীকাল সোমবার তার কর্মস্থল ঢাকায় ফেরার কথা ছিলো তার।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিতিৎসক সামসুল আরেফিন জানান, সেনা সদস্য মনোয়ার হোসেনের কপালের উপর কয়েকটি সেলাই ও তার স্ত্রী পিংকী খাতুনের কপালের ডান পাশে সেলাই দেওয়া হয়েছে। বর্তমানে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

দামুড়হুদায় শিশু ইয়ামিনের হত্যাকারীর ফাঁসির দাবীতে সংবাদ সম্মেলন ও মানববন্ধন

দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের শিশু ইয়ামিন হাসানের হত্যাকারী ও মামলার প্রধান আসামি খুনি জাহিদ হাসানের ফাঁসিসহ মামলার অন্যান্য আসামিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে পরিবারের পক্ষ থেকে সংবাদ সম্মেলন ও মানববন্ধন করা হয়েছে।

রোববার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নিহত শিশু ছাত্র ইয়ামিনের মা রিনা খাতুন। পরিবারের অন্যান্য সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, গত শনিবার (১২ ফেব্রুয়ারী) বেলা আনুমানিক সাড়ে ১১ টার দিকে আমার ছেলে ২য় শ্রেণীর ছাত্র ইয়ামিন
(৮) ও একই গ্রামের প্রতিবেশী রবিউল ইসলামের ছেলে শিশু জুনাইদ

হাসান (৭) প্রতিদিনের ন্যায় এক সাথে খেলা করছিল।

এ সময় একই গ্রামের আসাদুল মেম্বারের ছেলে জাহিদ (১৯) শিশু ইয়ামিনের হাতে ২০ টাকা দিয়ে সিগারেট কিনতে দোকানে পাঠায়। শিশু ইয়ামিন ও জুনাইদ পার্শবর্তী খোরশেদ আলীর দোকানে গিয়ে সিগারেট চাইলে সিগারেট নেই বলে তাদের জানায় দোকানি খোরশেদ আলী।

এ সময় তাদের কাছে থাকা ২০ টাকার মধ্যে ২ টাকা মূল্যের ৪ প্যাকেট জি-বিস্কুট কেনে এবং জুনাইদ ও ইয়ামিন ৫ টাকা করে ভাগ করে নেয়। ওই ৪ প্যাকেট জি-বিস্কুট কিনে বাড়ি চলে আসে। এর কিছুক্ষন পর তারা দুজনেই জি-বিস্কুট হাতে আমবাগানে যায়।

এ সময় জাহিদ সিগারেট চাইলে সিগারেট পাওয়া যায়নি বলে জানায় শিশু ইয়ামিন। সিগারেট না পেয়ে জাহিদ তাদের উপর ক্ষিপ্ত হয়ে ওঠে এবং টাকা ফেরত চাই। টাকা খরচ করে ফেলেছি বলে জানালে জাহিদ গালাগালি শুরু করে এবং গালাগালির এক পর্যায়ে শিশু ইয়ামিনকে বেঁধে মারধর শুরু করে।

মারধরের এক পর্যায়ে হাত-পা বাঁধা অবস্থায় তাকে ধারালো হাঁসুয়া দিয়ে জবাই করে হত্যা করে এবং মরদেহ ওই আম বাগানের মধ্যে একটি পাঁকা কবরের মধ্যে ফেলে রাখে। এ সময় শিশু ইয়ামিনের সাথে থাকা জুনাইদ পালিয়ে আসে এবং বিষয়টি শিশু ইয়ামিনের আমাকে জানায়।

এ সময় আমি পরিবারের লোকজনকে সাথে নিয়ে ছুটতে ছুটতে ঘটনাস্থলে যায় এবং আম বাগানের চারদিক খুঁজতে থাকি। খোঁজাখুজির এক পর্যায়ে শিশু ইয়ামিনকে ওই কবরের মধ্যে তার মরদেহ পড়ে থাকতে দেখা যায়। এর কিছুক্ষন পর ঝোপের মধ্যে লুকিয়ে থাকা খুনি জাহিদকে আমরা জাপটে ধরে ফেলি।

কিন্ত জাহিদের পরিবারের লোকজন আমাদেরকে মারধর করে খুনি জাহিদকে ছাড়িয়ে নিয়ে পালিয়ে যেতে সাহায্য করে। শিশু ইয়ামিন হত্যাকারী খুনি জাহিদের বয়স কমপক্ষে ১৯ বছর।

আমরা জানতে পেরেছি, পুলিশ তার বয়স কম দেখিয়ে তাকে যশোর সংশোধনাগারে পাঠিয়েছে। এ ছাড়া মামলার প্রত্যক্ষ স্বাক্ষী প্রতিবেশী রবিউল ইসলামের ছেলে জুনাইদকে এখনও পর্যন্ত জিজ্ঞাসাবাদ করা হয়নি। তাকে জিজ্ঞাসাবাদ করলে হত্যার প্রকৃত কারণ উম্মোচন হবে।

আপনাদের মাধ্যমে আমি বলতে চাই, খুনি জাহিদের বয়স প্রমানের জন্য তার ডিএনএ টেস্ট করানো হোক এবং মামলার প্রত্যক্ষ স্বাক্ষী প্রতিবেশী রবিউল ইসলামের ছেলে জুনাইদকে সাংবাদিকদের সামনে জিজ্ঞাসাবাদ করা হোক।

মামলার প্রধান আসামি খুনি জাহিদের ফাঁসিসহ মামলার অন্যান্য আসামিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানাচ্ছি এবং আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

সংবাদ সম্মেলন শেষে উপজেলা পরিষদ চত্তরে মানববন্ধন করে নিহত শিশু ইয়ামিনের পরিবারের লোকলোকজনসহ এলাকাবাসি।

আলমডাঙ্গা বিষপানের ৪ দিনপর যুবকের মৃত্যু

আলমডাঙ্গায় বিষ পানের ৪ দিন পর বাড়িতে চিকিৎসাধীন অবস্থা রিমন
(১৮) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। গত শুক্রবার বিকেলে মানসিক রোগে আক্রান্তের যন্ত্রণায় সে বিষপান করে। পরিবারের লোকজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের হাপানিয়া গ্রামের আলাউদ্দিনের ছেলে রিমন আলি (১৮)। সে ৭ পারা কোরআন হাফেজ। গত ২ বছর পূর্বে বাড়ির নিকট থেকে বজ্রপাতের শিকার হয়।

তারপর থেকে রিমন মানসিক রোগে আক্রান্ত হয়। দীর্ঘদিন চিকিৎসা করা হলেও তার শারীরিক অবস্থা উন্নতি হয়নি বলে পরিবারের লোকজনের দাবি।

গত ৩ দিন চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে আসে রিমন। রবিবার বিকেলে নিজ বাড়িতে মৃত্যু হয়।
এ ঘটনায় রিমনের ভাই বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

গাংনীতে প্রয়াত সাংবাদিকের পরিবারের কাছে চেক হস্তান্তর

মেহেরপুরের গাংনীর প্রয়াত সাংবাদিক মোহাম্মদ ওসমানের পরিবারের কাছে ৫০ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়েছে।

রোববার বেলা ১১টার দিকে গাংনী প্রেসক্লাবে আয়োজিত এ চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

প্রেসক্লাব সভাপতি রমজান আলীর সভাপতিত্বে ও মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান।

অনুষ্ঠানে প্রয়াত সাংবাদিক মোহাম্মদ ওসমানের পরিবারের কাছে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত ৫০ হাজার টাকার চেক হস্তার করা হয়।

মোহাম্মদ ওসমান বেসরকারী টিভি চ্যানেল মাইটিভির গাংনী উপজেলা প্রতিনিধি হিসেবে কাজ করতেন। ২০১৯ সালের ৩০ জুলাই হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু ঘটে।

৮ম বারের মত সেরা পুলিশ অফিসারের পুরস্কার পেলেন অজয় কুমার কুণ্ডু

মাদক দ্রব্য উদ্ধার, মাদক কারবারী গ্রেফতার, বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামী গ্রেফতার, মামলার পলাতক আসামী

গ্রেফতার ও সরকারী দায়ীত্ব সুচারুরপে পালন করায় এবার ২০২২ সালের জানুয়ারী মাসে মেহেরপুর জেলার চৌকস পুলিশ অফিসারের স্বীকৃতি পেলেন মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুণ্ডু।

জানুয়ারি/২০২২ মাসের মেহেরপুর জেলার চৌকস অফিসারের স্বীকৃতি সরুপ আজ রোববার (২০ ফেব্রুয়ারী) বেলা ১১ টার সময় পুলিশ সুপার মোঃ রাফিউল আলম তাকে ক্রেষ্ট ও সম্মাণনা তুলে দেন।

মেহেরপুর পুলিশ লাইন্সে আনুষ্ঠানিকভাবে ক্রেষ্ট তুলে দেন পুলিশ সুপার রাফিউল আলম।এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সরোয়ার, মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, সদর থানার ওসি শাহ দারা খান, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলসহ পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, মাদক দ্রব্য উদ্ধার, মাদক কারবারীদের গ্রেফতার, চোর, ডাকাত সন্ত্রাসী আটক, আদালতের পরোয়ানাভূক্ত আসামী গ্রেফতারসহ আইনশৃংখলার উন্নয়নে জীবন বাজি রেখে দায়ীত্ব পালন করায় অজয় কুমার কুন্ড টানা ৮ বার সেরা অফিসারের পুরস্কারে ভূষিত হলেন।

৮ম বারের মত সেরা পুরুস্কারে ভুষিত উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুণ্ডু জানান, আন্তরিকতার সাথে যে কোনো ভাল কাজ করলে তার স্বীকৃতি পাওয়া যায়।তিনি জানান, নিষ্ঠার সাথে আমি আমার দায়ীত্ব পালন করেছি পুরুস্কারের আশায় নয়। দেশ ও দেশের প্রতি আমার গুরু দায়ীত্ব পালন করতেই কাজ করে গেছি। আমার ভাল কাজের জন্য আমার প্রিয় পুলিশ বিভাগ আমাকে টানা ৮ বার সেরা ও চৌকস অফিসার হিসেবে নির্বাচিত করেছেন। আমি পুলিশ সুপার স্যার ও পুলিশ বিভাগের কাছে চিরকৃতজ্ঞ। আগামীতে অর্জিত স্বীকৃতি ভালো কাজের প্রেরণা যোগাবে।

মেহেরপুর জেলা জামায়াতের সাবেক আমীর হাজি ছমির উদ্দিন কারাগারে

মেহেরপুর জেলা জামায়াত ইসলামীর সাবেক আমীর ও সদর উপজেলার সাবেক চেয়ারম্যান হাজী ছমির উদ্দিনকে পুলিশের দায়ের করা ভাঙচুর ও অগ্নিসংযোগ মামলায় কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

আজ রোববার (২০ ফেব্রুয়ারী) দুপুরের দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল-১ এর বিচারক ওয়ালিউল ইসলামের আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে বিজ্ঞ বিচারক জামিন না মুঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

হাজী ছমির উদ্দীনের আইনজীবী অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, ২০১৩ সালে জামায়াতের ডাকা হরতালে শহরের তার নিজ বাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। এ ঘটনায় ৭৬ জনের নাম উল্লেখ করে ও অজ্ঞাত আরো ৩৫০ জনকে আসামি মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন থানা পুলিশ।

এ মামলায় ছমির উদ্দীনকে ৮ নম্বর আসামি করা হয়। এরপর তিনি যুক্তরাষ্ট্রে চলে যান। বর্তমানে তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক। সাম্প্রতিক সময়ে হাজী ছমির উদ্দীনের মা মারা গেলে দেশে আসেন তিনি। আজ রোববার আদালতে আত্মসমর্পণ করে জামিন চান । শুনানি শেষে জামিন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠান বিচারক।

উল্লেখ্য, ২০১৩ সালে নির্বাচন পূর্ববর্তি সময়ে মেহেরপুরের ছাত্রলীগ ও যুবলীগের নেতা-কর্মীরা জেলা জামায়াতের আমির ছমির উদ্দিনের বাড়িতে হামলা ভাঙচুর ও আগুন ধরিয়ে দেই। ওই ঘটনার পর হাজী ছমির উদ্দীন আমেরিকা চলে যান। সাম্প্রতিক সময়ে তার মা মারা গেলে দেশে আসেন তিনি।

গাংনীতে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত

আন্তজার্তিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুরের গাংনীতে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০ টায় গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এ চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেয়।

চিত্রাংকন শেষে বিচারক মন্ডলীর সদস্যরা ক ও খ গ্রুপের প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীর নাম ঘোষনা করেন। বিজয়ীদের মাঝে আগামী সপ্তাহে পুরস্কার প্রদান করা হবে।

এসময় গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো: আলাউদ্দীন ও সহকারী শিক্ষা অফিসার শাজাহান রেজা,আমিরুল ইসলাম অল্ডাম,সহকারী শিক্ষক হাসান আলী ও অন্যান্য বিচারক মন্ডলীর সদস্য সহ অভিভাবকবৃন্দরা উপস্থিত ছিলেন।

বউ বাবার বাড়ি যাওয়ায় ঘুমের বড়ি খেয়ে যুবকের আত্মহত্যার চেষ্টা

বউ বাবার বাড়ি চলে যাওয়ায় ঘুমের বড়ি সেবন করে আত্মহত্যার ব্যার্থ চেষ্টা চালিয়েছেন বাদশা (২৪) নামের এক যুবক। বাদশা গাংনী উপজেলার বাওট স্কুলপাড়া এলাকার আব্দুল হান্নানের ছেলে।

শনিবার (১৯ ফেব্রুয়ারী) দিবাগত রাত ১০ টার দিকে নিজ বাড়িতে ঘুমের বড়ি সেবন করেন। বাদশা বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে চিকিৎসাধীন রয়েছেন। তার অবস্থা অশংকামুক্ত বলে জানিয়েছেন জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক।